# কারবারী লেনদেন

**ইউনিট 2**

**এই ইউনিটের পাঠসমূহ**

পাঠ ১ ঃ লেনদেনের সংজ্ঞা, প্রকৃতি বা বৈশিষ্ট্য
পাঠ ২ ঃ লেনদেনের উৎস এবং দলিলপত্রাদি
পাঠ ৩ ঃ ঘটনা লেনদেন কিনা?
পাঠ ৪ ঃ কারবারি লেনদেনের কতিপয় উদাহরণ

**ভূমিকা**

ব্যবসায় হল সব সময় পরিবর্তনশীল একটি আর্থিক প্রতিষ্ঠান। এখানে প্রতিদিন বিভিন্ন ধরনের ঘটনা ঘটে। এর মধ্যে কিছু আর্থিক ঘটনা এবং কিছু অনার্থিক ঘটনা। যে সকল ঘটনা গুলোর মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক পরিবর্তন ঘটে সে গুলোর উপর গুরুত্ব আরোপ করা হয় বেশী। কারণ, আর্থিক অবস্থার পরিবর্তন ঘটে এমন ঘটনাকে লেনদেন বলা হয়। হিসাববিজ্ঞানের প্রধান কাজ হলো এই লেনদেনগুলো লিপিবদ্ধ করা এবং নির্দিষ্ট সময় শেষে ফলাফল নির্ণয় করা। তাই লেনদেন হল হিসাব বিজ্ঞানের মুল উপাদান।

| | |
|---|---|
| **ইউনিট সমাপ্তির সময়** | **ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময়  ১ সপ্তাহ** |

## পাঠ-২.১ লেনদেনের সংজ্ঞা ও বৈশিষ্ট্য

### উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- লেনদেন সম্পর্কে জানতে পারবেন।
- লেনদেনের প্রকৃতি বা বৈশিষ্ট্য সম্পর্কে জানতে পারবেন।

| | |
|---|---|
| **মূখ্য শব্দ (Key Words)** | **ঘটনা, লেনদেন, পক্ষ, চালান, ক্যাশমেমো, ভাউচার, ডেবিট এবং ক্রেডিট নোট, বিল।** |

**লেনদেনের সংজ্ঞা**

মনে করি, জনাব রশিদ বাজার থেকে নগদ ৫০০ টাকা দিয়ে ১০ কেজি ময়দা জনাব আকাশের নিকট হতে কিনে আনলেন। এখানে কতগুলো বিষয় লক্ষনীয় যেমন ঃ

- রশিদ ও আকাশ দুইটি পক্ষ আছে।
- ঘটনাটি টাকার অংকে পরিমাপ যোগ্য অর্থাৎ ৫০০ টাকার বিনিময়ে ১০ কেজি ময়দা পাওয়া গেছে।
- উভয় পক্ষে আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে। অর্থ্যাৎ মি. রশিদ ৫০০ টাকা নগদ প্রদান করেছে এবং মি. আকাশ ৫০০ টাকা নগদ গ্রহণ করেছেন।
- এটি স্বয়ংসম্পূর্ণ ঘটনা।
- উপরের ঘটনাটি পর্যালোচনা করে আমরা বলতে পারি এই ঘটনাটি একটি লেনদেন। সুতরাং আমরা বলতে পারি, যে সকল ঘটনার মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটে তাকে লেনদেন বলে। আর, যে ঘটনার মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক পরিবর্তন ঘটে না সে গুলো লেনদেন নয়।

**লেনদেনের বৈশিষ্ট্য**

লেনদেনের প্রকৃতি বা বৈশিষ্ট গুলো নিম্নে দেওয়া হল।

**১। দুটি পক্ষ**

প্রতিটি লেনদেনের দুটি পক্ষ থাকে। যেমন জামাল সাহেব ৫,০০০ টাকার ধান কামালের নিকট বিক্রয় করলো। এখানে জামাল ও কামাল দুটি পক্ষ জড়িত আছে।

**২। অর্থ দ্বারা পরিমাপযোগ্য**

ঘটনা যাই ঘটুক, সেটা অবশ্যই অর্থের মাধ্যমে পরিমাপযোগ্য হতে হবে। যেমন, বাজার থেকে ১,০০০ টাকা দিয়ে একটি শার্ট কেনা হলো। এখানে শার্টের মূল্য ১,০০০ টাকা দ্বারা পরিমাপ করা হয়েছে। অর্থাৎ অর্থ ছাড়া অন্য কোন এককে পণ্যের মূল্য নিরুপন করা যাবে না।

**৩। আর্থিক অবস্থার পরিবর্তন**

প্রতিটি লেনদেনের মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটবে। যেমনঃ কর্মচারী জাহিদকে বেতন দেওয়া হলো ৫,০০০ টাকা। এটি একটি লেনদেন, কারণ জাহিদকে বেতন দেওয়ার কারণে প্রতিষ্ঠান থেকে নগদ ৫,০০০ টাকা কমে গেছে। ফলে আর্থিক অবস্থার পরিবর্তন না ঘটলে, সে ঘটনাকে লেনদেন বলা যাবে না।

**৪। স্বয়ংসম্পূর্ণ ও স্বতন্ত্র**

প্রতিটি লেনদেন একে অপরের সাথে পৃথক সত্ত্বা হবে। মনে করি, ১ তারিখে ১০,০০০ টাকার পণ্য ধারে বিক্রয় করা হল, এই বিক্রয়কৃত পণ্যের ১০,০০০ টাকা পাওয়া গেল ১০ তারিখে। এখানে ১ তারিখ এবং ১০ তারিখ দুটি ঘটনা পৃথক।

**৫। দৃশ্যমানতা**

প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন আনতে পারে এমন দৃশ্যমান ও অদৃশ্যমান উভয় প্রকার ঘটনাই লেনদেন হিসাবে গণ্য হবে। যেমন- ব্যবসার জন্য ২০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করা হলো, এটি দৃশ্যমান লেনদেন। আবার উক্ত মেশিনটি এক বছর ব্যবহার করার ফলে মেশিনের মুল্য কমে যাবে। এই হ্রাসকৃত মূল্য কে অবচয় বলে। অবচয় যদিও দৃশ্যমান ঘটনা নয়, তবুও এটি একটি লেনদেন বলে গণ্য হবে।

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**)** **/শিক্ষার্থীর কাজ** | **হিসাববিজ্ঞানে লেনদেন হতে হলে, একটি ঘটনার কি কি বৈশিষ্ট্য থাকতে হবে তা লিখুন।** |

## সারসংক্ষেপঃ

কোন ঘটনাকে লেনদেন হতে হলে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটতে হবে। ঘটনাটিকে অর্থের মাপকাঠিতে পরিমাপ যোগ্য ও দুইটি পক্ষ জড়িত থাকতে হবে। এ ভাবে একটি ঘটনা লেনদেনে রুপান্তরিত হয়ে থাকে।

## পাঠোত্তর মূল্যায়ন-২.১

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

১। লেনদেনে কয়টি পক্ষ থাকে ?

ক) একটি খ) দুইটি
ঘ) তিনটি ঙ) চারটি

২। লেনদেন কোন এককে পরিমাপযোগ্য ?

ক) মিটার খ) লিটার
গ) টাকায় ঘ) গ্রাম

৩। অবচয় কি ধরনের ঘটনা ?

ক) দৃশ্যমান খ) অদৃশ্যমান
গ) বাস্তব ঘ) অবাস্তব

৪। একজন কর্মচারী ৫০০০ টাকা মাসিক বেতনে নিয়োগ দেওয়া হল ---

ক) একটি দৃশ্যমান ঘটনা খ) অদৃশ্যমান ঘটনা
গ) একটি লেনদেন নয় ঘ) একটি লেনদেন

# পাঠ-২.২ লেনদেনের উৎপত্তি ও দলিল পত্রাদি

## উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- লেনদেনের উৎপত্তি সম্পর্কে জানতে পারবেন।
- প্রামান্য দলিলপত্রাদি সম্পর্কে জানতে পারবেন।

### লেনদেনের উৎপত্তি

মানুষের জীবনে প্রতি নিয়ত অসংখ্য ঘটনা ঘটে। এসব ঘটনা মানুষের ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক,এবং প্রাতিষ্ঠানিক হতে পারে। যেমন স্কুলে যাওয়া, বাজারে যাওয়া, পাঠদান করা, কর্মচারীকে বেতন দেওয়া ইত্যাদি সবগুলোই এক একটি ঘটনা। এই ঘটনা আবার দুই প্রকার। যেমন-

**১) আর্থিক ঘটনা**

**২) অনার্থিক ঘটনা।**

মোট কথা হল, প্রত্যহ জীবনে আর্থিক ঘটনা ও অনার্থিক ঘটনা ঘটে। যে সকল ঘটনাগুলোর মাধ্যমে আর্থিক অবস্থার পরিবর্তন ঘটে সে ঘটনা গুলো হল লেনদেন, আর যেগুলো আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায় না সেগুলো লেনদেন নয়। সুতরাং আমরা বলতে পারি, লেনদেনের উৎপত্তি হলো আর্থিক অবস্থার পরিবর্তনশীল ঘটনার মাধ্যমে।

### দলিলপত্রাদি

ব্যবসায় প্রতিষ্ঠানে সংগঠিত লেনদেনগুলোর সমর্থনে কিছু কাগজপত্র তৈরি ও সংগ্রহ করতে হয়। সে গুলো লেনদেনের দলিলপত্র নামে পরিচিত। যেমন - চালান, ক্যাশমেমো, ভাউচার, ডেবিট নোট, ক্রেডিট নোট, ইত্যাদি। নিম্নে লেনদেনের কিছু দলিলপত্র বর্ণনা করা হল।

**১। চালান**

চালান হল ধারে পণ্য বিক্রয়ের সময় বিক্রিত পণ্যের বিস্তারিত বিবরণ। যথা- পরিমাপ, দর, মোটমূল্য, কারবারী বাট্টা, মূল্য পরিশোধ এর শর্তাবলী, বীমা খরচ, প্যাকিং খরচ, ইত্যাদি উল্লেখ করে ক্রেতার কাছে যে দলিল পত্র প্রদান করে তাকে চালান বলে। বিক্রয়ের ক্ষেত্রে এটা বহির্মূখী চালান এবং ক্রেতার নিকট এটা অন্তর্মূখী চালান নামে পরিচিত। নিম্নে চালানের নমুনা দেওয়া হল -

ঈশাত ট্রেডার্স
৩৮ মিরপুর রোড, শ্যামলী, ঢাকা
**চালান**

চালান নং ঃ তাং
ক্রেতার নাম ঃ
ঠিকানা ঃ

| ক্রঃ নংঃ | পণ্যের বিবরণ | পরিমান | দর | টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ১ | বসুন্ধরা কাগজ<br>(-) কারবারী বাট্টা ১০% | ১০ রিম | ৫১০ | ৫১০০/=<br>৫,১০০/=<br>৫১০/=<br>৪,৫৯০/= |

কথায় ঃ চার হাজার পাঁচশত নব্বই টাকা মাত্র

ক্রেতার স্বাক্ষর ঃ বিক্রেতার সাক্ষর ঃ

**২। ক্যাশমেমো**

নগদ ক্রয় বিক্রয় এর প্রমাণ হিসাবে বিক্রেতা তার বিক্রিত মালের নাম, পরিমান, দর, কমিশন এবং মূল্য ইত্যাদি উল্লেখ পূর্বক ক্রেতাকে যে ছাপানো রশিদ প্রদান করে তাকে ক্যাশমেমো বলা হয়। ক্যাশমেমোর মূল কপি ক্রেতাকে দেওয়া হয় এবং কার্বন কপি বিক্রেতার কাছে থাকে। নিম্নে ক্যাশমেমোর নমুনা উল্লেখ করা হলো -

অদ্বিতীয়া এন্টার প্রাইজ

১০১ জেলখানা রোড, কুষ্টিয়া

**ক্যাশমেমো**

মেমো নং ঃ তাং ঃ

ক্রেতার নাম ঃ

ঠিকানা ঃ

| ক্রঃ নংঃ | বিবরণ | পরিমান | দর | টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ১. | নিউজ প্রিন্ট পেপার | ১০ | ৩০০ | ৩,০০০/= |
| | | | | ৩,০০০/= |

কথায়ঃ তিন হাজার টাকা মাত্র

ক্রেতার সাক্ষর ঃ বিক্রেতার সাক্ষরঃ

৩। **বিল**

ধারে পণ্য বিক্রয়ের ক্ষেত্রে মূল্য পরিশোধের জন্য চালানের সাথে বিক্রেতা যে লিখিত দলিল ক্রেতার নিকট উপস্থাপন করে তাকে বিল বলে।

**৪। ভাউচার**

নগদ লেনদেন হিসাবের খাতায় লিপিবদ্ধ করার সময় লেনদেনের সত্যতা যাচাই ও যথার্থতার প্রমান স্বরুপ যে লিখিত দলিল ব্যবহার করা হয় তাকে ভাউচার বলে। প্রাপ্তি ও প্রদান সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণসহ হিসাবের খাতায় গ্রহনকারী ও প্রদানকারীর নাম উল্লেখ থাকে। ভাউচার দুই প্রকার-

**ক) ডেবিট ভাউচার**

**খ) ক্রেডিট ভাউচার।**

ক) **ডেবিট ভাউচার** ঃ নগদে পণ্য ক্রয়সহ বিভিন্ন খরচের জন্য যে ভাউচার ব্যবহার করা হয় তাকে ডেবিট ভাউচার বলে। এ ভাউচারের সাথে ধারাবাহিক ক্রমিক নং দেওয়া হয় এবং কাকে কি জন্য টাকা প্রদান করা হয় তা ব্যাখ্যাসহ লেখা থাকে। নিম্নে একটি ডেবিট ভাউচার এর নমুনা উল্লেখ করা হল -

মনেকরি, রাজা স্টোর কর্তৃক সরবরাহকৃত প্রতি ডজন ৩০ টাকা দরে ১০ ডজন কলমের মূল্য পরিশোধের জন্য একটি ডেবিট ভাউচার তৈরি করা হল -

এইচ এন্ড এইচ
২৩, হুদা প্লাজা, মেহেরপুর
**ডেবিট ভাউচার** তাং ঃ

ক্র: নং ঃ
হিসাব খাতের নাম ঃ
গ্রহনকারীর নাম ঃ রাজা স্টোর

| ক্রঃ নংঃ | খরচের বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | ১০ ডজন কলম প্রতি ডজন ৩০ টাকা দরে | ৩০০/= |
| | | ৩০০/= |

কথায় ঃ তিন শত টাকা মাত্র

ক্যাশিয়ারের স্বাক্ষর হিসাবরক্ষকের স্বাক্ষর ব্যবস্থাপকের স্বাক্ষর গ্রহণকারীর স্বাক্ষর

**খ) ক্রেডিট ভাউচার**

নগদে পণ্য বিক্রয় সহ বিভিন্ন প্রকার আয়ের জন্য যে ভাউচার তৈরি করা হয় তাকে ক্রেডিট নোট বলে। ক্রেডিট ভাউচারের ক্রমিক নং টি নগদান বইয়ের ডেবিটে নির্দিষ্ট কলামে লেখা হয়। এতে ভবিষ্যতে ক্রেডিট ভাউচার টি খুজে বের করা সহজ হয়। এটিকে একটি প্রতিষ্ঠানের আয়ের প্রামাণ্য দলিল হিসাবে ব্যবহার করা হয়। নিম্নে ক্রেডিট ভাউচারের নমুনা উল্লেখ করা হলো -

ধরুণ, ২০ শে আগস্ট, ২০১৪ সালে ফ্রেন্ডস স্টোর কর্তৃক বিক্রয়কৃত বসুন্ধরা কাগজ ৫০০ টাকা রিম দরে ১০ রীম কাগজের মূল্য গ্রহন করা হলো। এর জন্য একটি ক্রেডিট ভাউচার তৈরি করা হলো–

ফ্রেন্ডস স্টোর
মুজিবনগর, মেহেরপর
**ক্রেডিট ভাউচার**

ক্রঃ নং ঃ তাং
হিসাবের নাম ঃ
প্রদানের নাম ঃ

| ক্রঃ নংঃ | বিবরণী | টাকা |
|---|---|---|
| ০১ | ১০ রীম বসুন্ধরা কাগজ ৫০০ টাকা দরে | ৫,০০০ |
| | | ৫,০০০ |

কথায় ঃ পাঁচ হাজার টাকা মাত্র

ক্যাশিয়ারের স্বাক্ষর হিসাবরক্ষকের স্বাক্ষর ব্যবস্থাপকের স্বাক্ষর গ্রহণকারীর স্বাক্ষর

**৫। ডেবিট নোট**

ধারে ক্রয়কৃত পণ্য ফেরত দেওয়ার সময় উক্ত পণ্যের পরিমান, দর, মূল্য, সম্পর্কে বিস্তারিত বিবরণ দিয়ে বিক্রেতার নিকট যে পত্র পাঠানো হয় তাকে ডেবিট নোট বলে। এ নোটের মাধ্যমে বিক্রেতাকে জানানো হয় যে, তাদের হিসাব খাতে ফেরতকৃত পণ্যের মূল্য বাবদ ডেবিট করা হয়েছে। ডেবিট নোট দেখে ক্রেতা ক্রয় ফেরত বইতে লিপিবদ্ধ করে।

**৬। ক্রেডিট নোট**

ধারে বিক্রয়কৃত পণ্য ফেরত পাওয়ার পর উক্ত পণ্যের বিবরণ, পরিমান, দর ও মূল্য সম্পর্কে বিস্তারিত বিবরণ দিয়ে বিক্রেতা ক্রেতার নিকট যে পত্র পাঠায় তাকে ক্রেডিট নোট বলে। ক্রেডিট নোটের মাধ্যমে ক্রেতাকে জানানো হয় যে, তাদের হিসাব খাতে উক্ত ফেরতকৃত পন্যের মূল্য বাবদ ক্রেডিট করা হয়েছে। ক্রেডিট নোট দেখে বিক্রেতা বিক্রয় ফেরত বইতে লিপিবদ্ধ করে।

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**)** **/শিক্ষার্থীর কাজ** | **প্রতিষ্ঠানের লেনদেনের বিপরীতে কি কি প্রামাণ্য দলিল সংরক্ষণ করতে হয় তা লিখুন।** |

## সারসংক্ষেপঃ

প্রতিষ্ঠানে বিভিন্ন রকমের লেনদেন সংগঠিত হয়ে থাকে। লেনদেনের সত্যতা যাচাই এর উদ্দেশ্যে উহার অনুকূলে প্রমাণপত্র ও দলিল পত্র যেমন - চালান, ক্যাশমেমো, ভাওচার, ডেবিট নোট, ক্রেডিট নোট, ইত্যাদি সংরক্ষণ করতে হয়।

## পাঠোত্তর মূল্যায়ন-২.২

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

১। কোনটি ব্যবসায়িক দলিল ?
- ক) সুনাম খ) প্যাটেন্ট
- গ) ট্রেডমার্ক ঘ) চালান

২। আয় ব্যয় সংক্রান্ত কোন দলিল সংরক্ষণ করা হয় ?
- ক) ভাউচার খ) প্রদেয় নোট
- গ) প্রাপ্য নোট ঘ) ডেবিট নোট

৩। ক্যাশ মেমোর মূলকপি সরবরাহ করা হয় কাকে ?
- ক) ক্রেতাকে খ) বিক্রেতাকে
- গ) বাহককে ঘ) ব্যবস্থাপককে

৪। ভাউচার কত প্রকার ?
- ক) ৩ প্রকার খ) ৪ প্রকার
- গ) ২ প্রকার ঘ) ৫ প্রকার

৫। চালানের মাধ্যমে জানা যায় -

i) মালের বিবরণী ii) মালের মুল্য iii) নগদ ক্রয়ের পরিমান

ক) i ও ii খ) ii ও iii

গ) iii ও i ঘ) i, ii ও iii

৬। ক্যাশ মেমোর মাধ্যমে জানা যায় -

i) ক্রয়ের পরিমান ii) নগদে ক্রয়ের ও বিক্রয়ের পরিমান iii) কমিশনের পরিমান

ক) i ও ii খ) ii ও iii

গ) iii ও i ঘ) i, ii ও iii

## পাঠ-২.৩ সকল ঘটনা লেনদেন কি না ও কারবারি লেনদেনের কতিপয় উদাহরণ।

### উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- সকল ঘটনা লেনদেন কি না জানতে পারবেন।
- ঘটনা ও লেনদেন চিহ্নিত করতে পারবেন।

### সকল ঘটনা লেনদেন কি না

ঘটনা বলতে মানুষের জীবনে নিরবছিন্ন কার্যক্রমের কোন বিশেষ মূহূর্তে বা সময়ে সংগঠিত কোন একটি কার্যকলাপকে বুঝায়। অর্থাৎ মানব জীবনে যা কিছু ঘটে তাকেই ঘটনা বলে। ঘটনা আর্থিক হতে পারে আবার অনার্থিক হতে পারে। যেমন ছেলেকে স্কুলে নিয়ে যাওয়া, ১০০ টাকার খাবার ক্রয় করা, মুজিবনগর কমপ্লেক্সে বেড়াতে যাওয়া, বাড়ির জন্য ৫,০০০ টাকা দিয়ে একটি আলমারি ক্রয় এ গুলো সবই ঘটনা।

অপর পক্ষে লেনদেন হলো যে ঘটনার মাধ্যমে আর্থিক অবস্থার পরিবর্তন ঘটে। অর্থাৎ একটি ঘটনাকে তখনই লেনদেন বলে বিবেচিত হবে যখন উক্ত ঘটনার মধ্যে নিম্নের বৈশিষ্ট সমূহ বিদ্যমান থাকে।

১। ঘটনা অর্থের মানদন্ডে পরিমাপযোগ্য হবে।
২। ঘটনার কমপক্ষে দুটি পক্ষ থাকতে হবে।
৩। ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন হতে হবে।
৪। একটি ঘটনার সাথে অন্য একটি ঘটনার সম্পর্ক থাকলেও প্রতিটি ঘটনা কে স্বয়ংসম্পূর্ণ হতে হবে। উপরোক্ত বৈশিষ্ট্যগুলো যে ঘটনার মধ্যে বিদ্যমান থাকবে না সে গুলো ঘটনাতে রয়ে যাবে, লেনদেন হবে না। সুতরাং দেখা যায় যে, সকল ঘটনা লেনদেন নয় কিন্তু সকল লেনদেনই ঘটনা।

### কারবারি লেনদেনের কতিপয় উদাহরণ

পূর্বে আলোচনা করা হয়েছে, প্রতিটি লেনদেন ঘটনা কিন্তু প্রতিটি ঘটনা লেনদেন নয়। অর্থাৎ লেনদেনের পূর্বশর্ত হলো ঘটনা। আমরা জানি, ঘটনা যদি আর্থিক মূল্যে পরিমাপযোগ্য হয়, প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা পরিবর্তনে সামর্থ্য হয়, তাহলে ঘটনাটি লেনদেন হবে, অন্যথায় লেনদেন হবে না। মনে করেন ,একজন ব্যবসায়ীর কারবার প্রতিষ্ঠানে দুটি ঘটনা ঘটেছে।

১। তার একমাত্র ছেলে উক্ত ব্যবসায় দক্ষতার সাথে পরিচালনা করছে, কিন্তু হঠাৎ করে কোন রকম অসুস্থ্যতা ছাড়াই মারা গেল।
২। গুদামঘরে আগুন লেগে ৫০,০০০ টাকার কাচামাল পুড়ে গেল।
প্রথম ঘটনায় ছেলের মৃত্যুর কারণে প্রতিষ্ঠানের কার্যাবলী পরিচালনা করতে বিভিন্ন রকমের সমস্যা সৃষ্টি হয় ফলে প্রতিষ্ঠানটি আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। যাহা অর্থে পরিমাপযোগ্য নয় তাই ঘটনাটি লেনদেন নয়।

দ্বিতীয় ঘটনায় আগুনে পণ্য পুড়ে যাওয়ার কারণে যে ক্ষতি হয়েছে তাহা অর্থে পরিমাপযোগ্য এবং আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে ফলে ঘটনাটি লেনদেন।

### উদাহরণ

জনাব আব্দুর রহমান একজন ব্যবসায়ী। নিম্ন লিখিত ঘটনাগুলো তাঁর ব্যবসায় প্রতিষ্ঠানের লেনদেন কিনা ব্যাখ্যা করেণ-

১। জনাব আঃ রহমান নগদ ৬০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
২। তিনি নগদে ৫,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করেন।
৩। তিনি ১০,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ দিলেন।
৪। নগদে ৪,০০০ টাকার পণ্য বিক্রয় করলেন।
৫। বছর শেষে আসবাবপত্রের উপর অবচয় ধার্য করলেন ৫০০ টাকা।

**সমাধান**

| ঘটনা | লেনদেন কিনা | কারণ |
|---|---|---|
| ১ | লেনদেন | ঘটনাটির কারণে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে। অর্থাৎ ৬০,০০০ টাকা প্রতিষ্ঠানে নগদ টাকা বৃদ্ধি পেয়েছে। |
| ২ | লেনদেন | আসবাবপত্র ক্রয় করার ফলে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন হয়েছে। অর্থাৎ ৫,০০০ টাকা নগদ হ্রাস পেয়েছে। |
| ৩ | লেনদেন নয় | পণ্য ক্রয়ের ফরমায়েশ দেওয়ার ফলে আর্থিক অবস্থার পরিবর্তন হয়নি। |
| ৪ | লেনদেন | পন্য বিক্রয়ের ফলে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে। অর্থাৎ নগদ ৪,০০০ টাকা বৃদ্ধি পেয়েছে। |
| ৫ | লেনদেন | অবচয় ধার্যের ফলে আর্থিক অবস্থার পরিবর্তন হয়েছে। অর্থাৎ ৫০০ টাকার আসবাবপত্র হ্রাস পেয়েছে। |

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**)** **/শিক্ষার্থীর কাজ** | একটি ঘটনার মধ্যে কি কি বৈশিষ্ট্য থাকলে, তাকে লেনদেন বলে বিবেচনা করা হয় তা লিখুন। |

## সারসংক্ষেপ:

পরিশেষে আমরা বলতে পারি যে, কোন ঘটনার মধ্যে যদি লেনদেনের বৈশিষ্ট্য সমূহ বিদ্যমান থাকে, তাহলে লেনদেন বলে বিবেচিত হবে। অন্যথায় লেনদেন হবে না।

## পাঠোত্তর মূল্যায়ন-২.৩

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

১। লেনদেন বলতে বুঝায় -

ক) পণ্য বিনিময় খ) দেনা পাওনা
গ) একটি হিসাব ঘ) অর্থে পরিমাপযোগ্য ঘটনা

২। লেনদেন কিসের পরিবর্তন ঘটায় ?

ক) মোট মুনাফা খ) নীট মুনাফা
গ) আর্থিক অবস্থা ঘ) হিসাব ব্যবস্থা

৩। নিচের কোন উক্তিটি সঠিক ?

ক) সকল ঘটনা লেনদেন খ) সকল লেনদেনই ঘটনা
গ) সকল লেনদেনই ঘটনা নয় ঘ) ছেলের স্কুলের বেতন

৪। ধারে পণ্য ক্রয় করা হল ৫,০০০ টাকা, এটি লেনদেন কারন -

i) আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে ii) ঘটনাটি অর্থের মূল্যে পরিমাপযোগ্য iii) পন্য ক্রয় হয়েছে

ক) i ও ii খ) ii ও iii গ) iii ও i ঘ) i, ii ও iii

## উত্তরমালা

পাঠোত্তর মূল্যায়ন - ২.১ : ১. খ ২. গ ৩. খ ৪. গ
পাঠোত্তর মূল্যায়ন - ২.২ : ১. ঘ ২. ক ৩. ক ৪. ঘ ৫. ক ৬. খ
পাঠোত্তর মূল্যায়ন - ২.৩ : ১. খ ২. গ ৩. খ ৪. ক